

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd


স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৭.২৯৭

তারিখ: ০৮.০৩.২০১৮ খ্রি.

২০১৮ সনে সম্মানিত হজে গমনেচ্ছু ব্যক্তিবর্গের পাসপোর্ট সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের গত ১৮.০১.২০১৮ তারিখের ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৭.১১৮ নং স্মারকের অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৮ সনে হজে গমনের উদ্দেশ্যে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত হজযাত্রীদের নিবন্ধনের পূর্বে পাসপোর্ট সংক্রান্ত বিষয়ে নিম্নলিখিত করণীয়সমূহ অনুসরণ করতে হবে:

১. রাজকীয় সৌদি আরব সরকারের বিধান মোতাবেক ২০১৮ সনে প্রাক-নিবন্ধনকৃত হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ হজের দিন থেকে ন্যূনতম ০৬ (ছয়) মাস অর্থাৎ আগামী ২০.০২.২০১৯ খ্রি. পর্যন্ত থাকতে হবে, অন্যথায় নতুন পাসপোর্ট সংগ্রহ করতে হবে। এ বিষয়ে কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট হজযাত্রী ও এজেন্সিকে এর দায়দায়িত্ব বহন করতে হবে।
২. পাসপোর্টে হজযাত্রীর জাতীয় পরিচয়পত্রের নম্বরটি সঠিকভাবে উল্লেখ রয়েছে কি না তা নিশ্চিত করতে হবে
৩. হজযাত্রীর ভিসায়ুক্ত পাসপোর্টের পিছনে (Back Cover) মোয়াল্লেম নম্বর, মক্কা/মদিনার আবাসনের ঠিকানা সম্বলিত প্রিন্টেড স্টিকার সংযুক্ত করতে হবে। প্রিন্টেড স্টিকার প্রদান করা সম্ভব না হলে কমপক্ষে হাতে লেখা মোয়াল্লেম নম্বর মক্কা/মদিনার আবাসন ঠিকানা সংযুক্ত করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট হজযাত্রীদের জেদ্দা বিমানবন্দর হতে সৌদি কর্তৃপক্ষ কর্তৃক দেশে ফেরত পাঠানো হতে পারে এবং সংশ্লিষ্ট এজেন্সিকে হজ কার্যক্রম পরিচালনার অনুমতি বাতিল করতে পারে।
৪. হজে গমন বিষয়ে হালনাগাদ তথ্য পেতে নিয়মিত www.hajj.gov.bd ওয়েবসাইটটি ব্রাউজ করুন।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
ফ্যাক্স: ৯৫১১১১৬
e-mail: morahajsection@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী মহোদয়দের সদয় অবগত করার অনুরোধসহ)।
২. সিনিয়র সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (মাননীয় সংসদ সদস্যগণকে বিষয়টি অবগত করার অনুরোধসহ)।
৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সকল জেলার উপ-পরিচালকগণকে এ বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ)।
৪. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল জেলা)।
৬. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিবের সদয় অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন.....(সকল জেলা)।
১১. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, হোটেল ভিক্টরী, ঢাকা (বিষয়টি সকল এজেন্সীর হজযাত্রীদের জরুরি ভিত্তিতে অবহিত করণের অনুরোধসহ)।
১২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ হজ যাত্রীর মোবাইল নম্বরে এস.এম.এস. পাঠিয়ে অবহিত করার অনুরোধ করা হলো)।
১৩. অফিস কপি।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)।